

স্মারক নং-৩৮০০.০০০০.০০৪.০৪.০১৩.১৩-২৮৬

তারিখঃ ০৭ কার্তিক ১৪২৪
২২ অক্টোবর ২০১৭

আদেশ

যেহেতু, জনাব মোঃ কামরুজ্জামান, উপজেলা শিক্ষা অফিসার, সদর, ভোলা (সাবেক উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রঞ্জুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী গ্রহণের পর বিভাগীয় মামলাটি অধিকতর তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং তিনি ২য় কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ রেকর্ডপত্রসহ অন্যান্য বিষয়াদি পর্যালোচনায় সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(বি) মোতাবেক ০১ (এক)টি বাৎসরিক ইনক্রিমেন্ট (পরবর্তী ধাপের ০১টি বেতন বৃদ্ধি) পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ কামরুজ্জামান, উপজেলা শিক্ষা অফিসার, সদর, ভোলা (সাবেক উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ)-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(বি) মোতাবেক ০১ (এক)টি বাৎসরিক ইনক্রিমেন্ট (পরবর্তী ধাপের ০১টি বেতন বৃদ্ধি) পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো। উল্লেখ্য যে, তিনি ভবিষ্যতে স্থগিত বেতন বৃদ্ধির কোন অংশ বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতি আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

২২/১০/২০১৭

(মোহাম্মদ আসিফ-উজ-জামান)


সচিব

তারিখঃ ০৭ কার্তিক ১৪২৪
২২ অক্টোবর ২০১৭

স্মারক নং-৩৮০০.০০০০.০০৪.০৪.০১৩.১৩-২৮৬

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ভোলা।
- ৮। জনাব মোঃ কামরুজ্জামান, উপজেলা শিক্ষা অফিসার, সদর, ভোলা।
- ৯। অফিস কপি।



(সুলতানা রাজিয়া)

সিনিয়র সহকারী সচিব (তঃশঃ)

ফোন-৯৫৭৬৬৯১